
২৭ দৈনিক কক্সবাজার
তারিখ ০৭।১০।৯৯
পৃ. ১ ক. ৫

### শিক্ষক সমিতির সম্বর্ধনায় ব্যানবেইস পরিচালক অধ্যাপক শফিউল আলম

# সময় উপযোগী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের জন্য সরকার শিক্ষা প্রতিষ্ঠানের জরিপ কাজ নতুনভাবে শুরু করেছে



বাংলাদেশ শিক্ষক সমিতি কর্তৃক প্রদত্ত সর্ম্বধনা অনুষ্ঠানে বক্তৃতা করছেন ব্যানবেইসের পরিচালক, কক্সবাজারের কৃতি সন্তান অধ্যাপক শফিউল আলম। -কক্সবাজার ফটো।

কক্সবাজার রিপোর্ট ॥ শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য, পরিসংখ্যান ও গবেষণা ব্যুরো ব্যানবেইস এর পরিচালক অধ্যাপক শফিউল আলম বলেছেন আসন্ন নতুন শতকের সময়োপযোগী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের জন্য সরকার শিক্ষা প্রতিষ্ঠান সমূহের জরীপ কার্যক্রম নতুনভাবে শুরু করেছে। তিনি এ প্রসংগে বলেন স্কুল কলেজ গুলোকে আমলাতন্ত্রের লাল ফিতা থেকে রক্ষার জন্যই সরকারের এ উদ্যোগ।

কক্সবাজার জেলার কৃতি সন্তান অধ্যাপক আলম কক্সবাজার জেলা এখনও শিক্ষাক্ষেত্রে দেশের অন্যান্য জেলার তুলনায় পিছিয়ে এ কথা উল্লেখ করে বলেন এ জেলার সকল মানুষের মাঝে শিক্ষার আলো পৌছানোর জন্য শিক্ষকদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। তিনি আরো বলেন শিক্ষকদের সম্মিলিত উদ্যোগেই নকল প্রবণতা রোধ করতে পারে।

বাংলাদেশ শিক্ষক সমিতি কক্সবাজার জেলা শাখা কর্তৃক প্রদত্ত সর্ম্বধনার জবাবে গতকাল বুধবার শফিউল আলম উপরোক্ত কথা গুলো বলেন। সমিতির জেলা শাখার সভাপতি ফজলুল করিমের সভাপতিত্বে কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় মিলনায়তনে এ সর্ম্বধনা অনুষ্টান অনুষ্ঠিত হয়। এতে সম্মানিত অতিথি ছিলেন কক্সবাজারের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) এটিএম মোস্তফা কামাল ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা কর্মকর্তা অরুন কান্তি চৌধুরী। বক্তব্য রাখেন সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মনোয়ারা বেগম, শিক্ষক সমিতির চট্টগ্রাম আঞ্চলিক শাখার সহ সভাপতি মাহমুদুর রহমান, গবেষণা সম্পাদক সৃষ্টিব্রত পাল, সদর থানা কমিটির সম্পাদক মোহাম্মদ আবদুল্লাহ। স্বাগত বক্তৃতা দেন সমিতির জেলা সাধারণ সম্পাদক আলহাজ্ব নূরুল কবির।